## নন্দীগ্রামে শুভেন্দু

দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ২২ সেপ্টেম্বর ঃ ফের বিতর্কের কেন্দ্রবিন্দুতে শুভেন্দু। তাঁর একটা মন্তব্য। আর সেই মন্তব্যকে কেন্দ্র করেই উস্কে উঠেছে বিতর্ক। মঙ্গলবার নন্দীগ্রামের সোনাচূড়ায় নিশিকান্ত মণ্ডলের স্মরণসভা ছিল। সেই স্মরণসভায় যোগ দেন শুভেন্দু অধিকারী। সেই স্মরণসভায় শুভেন্দু বলেন, অনেকে আছেন যাঁরা অতীতকে ভুলে যান। আমি শুভেন্দু অধিকারী বলছি যাঁরা অতীতকে ভুলে যান, তাঁদের ভবিষ্যত উজ্জ্বল হতে পারে না! তাঁদের ভবিষ্যত অন্ধকার হবে। এটাই চিরন্তন সত্য। শুভেন্দু অধিকারীর এই মন্তব্যকে কেন্দ্র করেই দানা বেঁধেছে বিতর্ক। কাদের উদ্দেশে একথা বললেন শুভেন্দু? শুভেন্দুর বক্তব্যের নিশানায় কে? কেন বললেন একথা? শুরু হয়েছে জোরদার জল্পনা। প্রসঙ্গত ২০০৭ সালে নন্দীগ্রামে জমি আন্দোলনকে কেন্দ্র করে তৃণমূলের উত্থানের শুরু। সেই আন্দোলনে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রধান সৈনিক ছিলেন শুভেন্দু অধিকারী। নন্দীগ্রামে জমি আন্দোলনের ঢেউ গোটা রাজ্যে ছড়িয়ে পড়েছিল। রাজ্য রাজনীতির পট পরিবর্তনে যা মুখ্য ভূমিকা নিয়েছিল। রাজ্যে বাম দুর্গের পতন হয়। তৃণমূল কংগ্রেস রাজ্যের মসনদে বসে। এদিন শুভেন্দু অধিকারীর মন্তব্য তবে কার উদ্দেশে? কাকে ঘুরিয়ে অকৃতজ্ঞ বলতে চাইলেন তিনি? বিশ্লেষণে ব্যস্ত রাজনৈতিক বিশেষজ্ঞরা।

## অনশনে মা-মেয়ে

দুরন্তবার্তা, জলপাইগুড়ি, ২২ সেপ্টেম্বর ঃ স্বামীর খুনিদের শাস্তির দাবিতে নিজের কন্যাকে নিয়ে জেলাশাসকের দপ্তরের সামনে অনশনে বসলেন এক মহিলা। মঙ্গলবার দুপুরে জেলা শাসকের দপ্তরের সামনে অনশন শুরু করেন তারা। জলপাইগুড়ির ডাঙাপাড়া এলাকার বাসিন্দা মল্লিকা সরকার নামে ওই মহিলার অভিযোগ, গত দুই বছর আগে তাঁর স্বামীকে খুন করে পুকুরের জলে ফেলে দেওয়া হয়েছিল। অভিযোগ, তাঁর স্বামী সুকুমার সরকার টোটো চালিয়ে সংসার চালাতেন। ২০১৮ সালের জুলাই মাসে তাঁকে দুই বন্ধু মিলে খুন করে দেহটি পুকুরের জলে ভাসিয়ে দিয়েছিল। এর পর একজনকে গ্রেপ্তার করা হলেও অন্য অভিযুক্ত এখনও ঘুরে বেড়াচ্ছে বলে অভিযোগ। অভিযুক্তদের কঠোর শাস্তির দাবিতেই জেলাশাসকের দপ্তরের সামনে বসে অনশন শুরু করেন তারা। পাশাপাশি স্বামীর খুনিদের ধরার জন্য সিআইডি তদন্তের দাবিও জানান। মল্লিকা সরকার বলেন, তাঁর স্বামীর খুনের ঘটনার পর একেবারেই অসহায় হয়ে পড়েছেন তিনি ও তাঁর কিশোরী কন্যা। মল্লিকা সরকারের কিশোরী কন্যা জানায়, প্রায় দুই বছর আগে খুন হয়েছিল তার বাবা। আজও চোখের সামনে ঘুরে বেড়াচ্ছে খুনিরা। তাই অভিযুক্তদের কঠোর শাস্তির দাবি ও সিআইডি তদন্তের দাবিতে তাদের এই অনশন।

## অনুব্রত মন্ডলকে প্রাণনাশের হুমকি দিয়ে গ্রেফতার

দুরন্ত বার্তা, বর্ধমান, ২২ সেপ্টেম্বর ঃ বীরভূম জেলা তৃণমূল সভাপতি তথা দলের পূর্ব বর্ধমানের আউশগ্রামের পর্যবেক্ষক অনুব্রত মণ্ডলকে প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগে গ্রেফতার হলেন আউশগ্রামের গুসকরা পুরসভার প্রাক্তন তৃণমূল কাউন্সিলার নিত্যানন্দ চট্টোপাধ্যায়। অনুব্রতর এক অনুগামীর দায়ের করা অভিযোগের ভিত্তিতে মঙ্গলবার গুসকরা স্কুল মোড় এলাকা থেকে তাঁকে গ্রেফতার করে গুসকরা ফাঁড়ির পুলিশ। পুলিশ এদিনই নিত্যানন্দবাবুকে বর্ধমান আদালতে পেশ করে। সিজেএম ধৃতকে বিচার বিভাগীয় হেপাজতে পাঠিয়ে ২৫ সেপ্টেম্বর ফের তাঁকে আদালতে পেশ করার নির্দেশ দিয়েছেন। গ্রেফতারের পর নিত্যানন্দবাবু জানিয়েছেন, অনুব্রত মণ্ডলের স্ত্রী যখন অসুস্থ ছিলেন তখন অনুব্রতবাবু তাঁর কাছ থেকে ২০ লক্ষ টাকা ঋণ চেয়েছিলেন। অনুব্রতবাবু একাধিকবার তাঁকে ফোন করে সেই টাকা কাছে চেয়েছিলেন। তিনি সেই টাকা অনুব্রতবাবুকে দিয়েছিলেন। টাকা নেওয়ার সময় অনুব্রতবাবু বলেছিলেন, ৩-৪ মাসের মধ্যে তিনি সেই টাকা শোধ করে দেবেন। কিন্তু এখন টাকা ফেরত দেওয়ার কথা অনুব্রতবাবু অস্বীকার করছেন। অনুব্রতবাবু বলছেন, টাকা নিয়েছি তার কি প্রমাণ আছে। নিত্যানন্দবাবু বলেন, সেই কারণে টেলিফোনে কেষ্ট মণ্ডলকে হুমকি দিয়ে বলেছিলাম, টাকা না দিলে তোকে গুলি করে মেরে দেব। তার জন্য আজ পুলিশ আমায় গ্রেফতার করেছে। আদালতে প্রবেশের পথে নিত্যানন্দবাবু বলেন, অনুব্রত মণ্ডল একটা ডাকাত। ২০০ টা মার্ডার করেছে। অনুব্রত মণ্ডল হাটে মাছ কাটত। এখনও হাজার কোটি টাকার মালিক কিভাবে হল? ওর মেয়ে একসঙ্গে দুটো চাকরি কি করে পায়? ছাড়া পাওয়ার পরে কেষ্টর কলার ধরে আমি আমার টাকা আদায় করব। নিত্যানন্দবাবুর তোলা অভিযোগের বিষয়ে প্রতিক্রিয়া জানার জন্য অনুব্রতবাবুকে ফোন করা হলে তিনি বলেন, এ বিষয়ে আমি কোনও মন্তব্য করতে চাই না। অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে নিত্যানন্দবাবু প্রকাশ্যে এইসব অভিযোগ তোলায় অস্বস্তিতে শাসকদল। পূর্ব বর্ধমান জেলা তৃণমূল নেতৃত্ব এই বিষয়ে মুখে কুলুপ আটলেও জেলার বিজেপি নেতারা এই ঘটনা নিয়ে তীব্র কটাক্ষ করেছেন শাসকদলকে।

## দেবকে আক্রমন করলেন ভারতী ঘোষ

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ২২ সেপ্টেম্বর ঃ কেশপুরে দাঁড়িয়ে ঘাটালের সাংসদ তথা অভিনেতা দেবকে নজিরবিহীনভাবে আক্রমণ করলেন বিজেপি নেত্রী ভারতী ঘোষ। মঙ্গলবার ধনকড় প্রসঙ্গে কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যের সমালোচনা করে রাজ্যপালের পাশে দাঁড়ালেন তিনি। একাধিক ইস্যুতে তোপ দাগলেন শাসকদলকে। মঙ্গলবার পশ্চিম মেদিনীপুরের কেশপুর ব্লকের আনন্দপুরে একটি ক্লাবের তরফে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। সেখানে উপস্থিত ছিলেন ভারতী ঘোষ। সেই শিবির থেকেই সাংবাদিকদের মুখোমুখি হন বিজেপি নেত্রী। জগদীপ ধনকড় প্রসঙ্গে তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যের তীব্র নিন্দা করেন তিনি। ধনকড়ের পাশে দাঁড়িয়ে বলেন, রাজ্যপাল সাংবিধানিক দায়িত্ব পালন করে চলেছেন। এরপরই নাম না করে ঘাটালের তৃণমূল সাংসদ দেবকে বেনজিরভাবে আক্রমণ করেন বিজেপি নেত্রী। বলেন, ঘাটালের মানুষ গত লোকসভা ভোটে ভুল করেছিল। এমন একজনকে সাংসদ করেছিল, যাকে দেখতে হলে টিকিট কেটে সিনেমা হলে যেতে হয়। অপদার্থ জনপ্রতিনিধি পেয়েছেন আপনারা। এর চেয়ে আমি যদি এমপি হতাম তবে ঘাটাল মাষ্টার প্ল্যানের কাজ সম্পন্ন হয়ে যেত। এদিন শাসকদলকে কাঠগড়ায় তুলে ভারতী ঘোষ বলেন, রাজ্য সন্ত্রাসের পরিবেশ তৈরি করা হচ্ছে। ভুরি ভুরি বোম মিলছে তৃণমূল নেতাদের বাড়ি থেকে। সবমিলিয়ে এদিন বিজেপি নেত্রীর নিশানায় ছিল শাসকদল। এবিষয়ে এখনও সাংসদ দেবের কোনও প্রতিক্রিয়া মেলেনি। উল্লেখ্য, সোমবারই জগদীপ ধনকড়কে বেনজির আক্রমণ করেছিলেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়। বলেছিলেন, আপনি পুলিশের সমালোচনা করছেন। কিন্তু আপনাকে দেখে মনে হয় আপনি একজন থার্ড গ্রেডের রাজ্যপাল। আপনার সাংবিধানিক কোনও জ্ঞান নেই। আপনার মানসিক হাসপাতালে যাওয়া প্রয়োজন। এদিন কল্যাণবাবুর এই মন্তব্যের পালটা দিয়েই রাজ্যপালের পাশে দাঁড়ান ভারতী ঘোষ।

## বিজেপির কোন্দল

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২২ সেপ্টেম্বর ঃ বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব চরম আকার নিল বাঁকুড়ায়। এবার দলের সাংসদ তথা রাজ্য বিজেপির যুব মোর্চার সভাপতি সৌমিত্র খাঁ এবং সহ সভাপতি সৌগত পাত্রকে জেলায় কাজকর্ম করতে না দেওয়ার হুমকি দেওয়ার অভিযোগ উঠল বিজেপির বাঁকুড়া সাংগঠনিক জেলার সভাপতি বিবেকানন্দ পাত্রের বিরুদ্ধে। এক অডিও বার্তা সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হতেই গোষ্ঠী কোন্দলের ছবি প্রকাশ্যে এসেছে। জানা গিয়েছে, দলের এক মণ্ডল সভাপতিকে পদ থেকে সরিয়ে দেওয়ার হুমকি দেওয়া হয় সেখানে। পাশাপাশি, তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপি শিবিরে যোগদান করা বিষ্ণুপুরের সাংসদ তথা রাজ্যের যুব মোর্চার সভাপতি হওয়া সৌমিত্র খাঁ ও রাজ্যের সহ সভাপতি সৌগত পাত্রকে বাঁকুড়ায় দলীয় কোনও কর্মসূচি করতে না দেওয়ার হুমকি দিতে শোনা গিয়েছে বিবেকানন্দ বাবুকে। ওই অডিওটিকেই ভিডিও আকারে ফেসুবকে পোস্ট করা হয়েছে বলেও জানা গিয়েছে। সেখানে দেখা গিয়েছে বিবেকানন্দবাবু ও সাংসদ সুভাষ সরকারের একাধিক ছবি। গোটা ঘটনায় অস্বস্তিতে পড়েছেন বাঁকুড়ার বিজেপি নেতারা। ২০২১ সালের বিধানসভা নির্বাচনের আগে বাঁকুড়ায় বিজেপির গোষ্ঠীকোন্দল শাসকদল তৃণমূল কংগ্রেসকে অক্সিজেন জোগাচ্ছে বলেই মনে করছে ওয়াকিবহাল মহল। তবে বিষয়টিতে পাত্তা দিতে নারাজ বাঁকুড়া বিজেপির সভাপতি বিবেকানন্দ পাত্র। তিনি বলছেন, এটা ভুয়ো। যে যা করেছে করুক। একইভাবে ওই ভাইরাল অডিও টেলিফোনিক কথাবার্তাতেও তাঁর গলায় শোনা গিয়েছে দম্ভের সুর। তবে এবিষয়ে এখনও মুখ খোলেনি জেলা বিজেপি নেতৃত্ব।

## কোচবিহারে নায্য মূল্যে আলু দোকান

দুরন্ত বার্তা, কোচবিহার, ২২ সেপ্টেম্বর ঃ ন্যায্য মূল্যে আলুর দোকান চালু হল কোচবিহার জেলার তুফানগঞ্জে। মঙ্গলবার সকালে তুফানগঞ্জ শহরের রানিরহাট বাজারে তুফানগঞ্জ আলু ব্যবসায়ী সমিতির কার্যালয়ের সামনে আলুর দোকানের উদ্বোধন করেন তুফানগঞ্জ মহকুমা ব্যবসায়ী সমিতির সভাপতি কৃষ্ণ দাস। তুফানগঞ্জ মহকুমা ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নিত্যেন্দ্রচন্দ্র দে বলেন, 'ন্যায্য মূল্যে আলু বিক্রি নিয়ে মহকুমা শাসক গত রবিবার বিকালে আমাদের নিয়ে বৈঠকে বসেছিলেন। সেই বৈঠকে সবজি ব্যবসায়ী সমিতির কর্ম কর্তারাও উপস্থিত ছিলেন। সেখানে ন্যায্য মূল্যে আলু বিক্রির সিদ্ধান্ত চূড়ান্ত হয়। সেই হিসাবে আজ ন্যায্য মূল্যে আলু বিক্রি শুরু হয়েছে।' এদিন তুফানগঞ্জ শহরে ন্যায্য মূল্যের আলুর দোকান খোলায় খুশি সাধারণ মানুষ। তুফানগঞ্জ আলু ব্যবসায়ী সমিতির কোষাধ্যক্ষ রঞ্জিত শীল শর্মা বলেন, মাথা পিছু প্রত্যেককে ২৭ টাকা কেজি দরে আলু দেওয়া হবে। দুই কিলোগ্রাম আলুর দাম ৫৪ টাকা হলেও একটু আলু বেশি দিয়ে ৫৫ টাকার আলুর প্যাকেট দেওয়া হচ্ছে ক্রেতাদের। আমরা প্রাথমিক লক্ষ্য হিসেবে পুজো পর্যন্ত ন্যায্য মূল্যে আলু দেওয়ার পরিকল্পনা নিয়েছি। এরপর আলু জোগাড় করে ন্যায্য মূল্যে আলু দেওয়া যায় কিনা তা ভেবে দেখা হবে।' তুফানগঞ্জের মহকুমা শাসক অরবিন্দ ঘোষ জানান, প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ন্যায্য মূল্যের আলুর দোকান খোলা থাকবে। সাধারণ মানুষ যাতে ন্যায্য মূল্যে আলু কিনতে পান, তার জন্যই এই ব্যবস্থা করা হয়েছে। তুফানগঞ্জ শহরের রানিরহাট বাজারে বর্তমানে সাদা আলু ৩৫ টাকা কিলোগ্রাম দরে বিক্রি হচ্ছে। লাল আলু বিক্রি হচ্ছে ৪০ টাকা কিলোগ্রাম দরে। কিলোগ্রাম পিছু ৮ টাকা সাশ্রয় হওয়ায় খুশি সাধারণ মানুষ।

## কৃষি বিলের প্রতিবাদে রাস্তা অবরোধ

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২২ সেপ্টেম্বর ঃ কেন্দ্রীয় সরকার কৃষি বিল পাস করানোর প্রতিবাদে মঙ্গলবার সকালে মেজিয়া-দুর্লভপুর জাতীয় সড়কে দুর্লভপুর মোড়ে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করা হয়। সংসদে কৃষি বিল পাস করানোর প্রতিবাদে বিজেপি বিরোধী রাজনৈতিক দলগুলি সারা দেশজুড়ে বিক্ষোভ প্রতিবাদে নেমেছে। রাজ্যের তৃণমূল কংগ্রেসও সামিল হয়েছে এই প্রতিবাদে। রাজ্যসভার বিরোধী বাম-কংগ্রেসের পাশাপাশি তৃণমূল সাংসদরাও তুমুল বিক্ষোভে ফেটে পড়েন রাজ্যসভা কক্ষেই। বিক্ষোভের জেরে তাদের ৬ জন সাংসদকে সাসপেন্ড করেছে। তারই প্রতিবাদে মঙ্গলবার মেজিয়া শিল্পাঞ্চলের দুর্লভপুর মোড়ে বাঁকুড়া-রানীগঞ্জ ৬০ নম্বর জাতীয় সড়ক ও দুর্লভপুর-বড়জোড়া শিল্প করিডর অবরোধের ডাক দেয় গঙ্গাজলঘাটি ব্লক তৃণমূল কংগ্রেস। এই অবরোধে নেতৃত্ব দেন ব্লক সভাপতি ইন্দ্রজিৎ কর্মকার ও ব্লক সম্পাদক নিমাই মাজি। অবরোধের ফলে এদিন সকাল ৮ টা থেকে দুই গুরুত্বপূর্ণ সড়ক পথের সংযোগস্থলে অবরোধ করা হয়। যার ফলে শিল্পাঞ্চলের সমস্ত যানবাহন আটকে পড়ে যানজটের সৃষ্টি হয়। এই বিষয়ে ব্লক তৃণমূল সভাপতি ইন্দ্রজিৎ কর্মকার বলেন, কেন্দ্রীয় সরকার দেশের কৃষকদের আত্মহত্যার পথ সুগম করতে কৃষি বিল পাস করেছে অন্যায়ভাবে। বিরোধীদের প্রতিবাদে কর্ণপাত না করে ধ্বনি তা ভোটে পাস করিয়ে নিয়েছে। বিরোধীদের কণ্ঠরোধ করতে সাংসদেরও অন্যায়ভাবে সাসপেন্ড করা হয়েছে গুরুত্বপূর্ণ চলতি বাদল অধিবেশনে। এই সুযোগে শ্রম বিলও পাশ করিয়ে নিতে চাইছে সরকার। দলের ব্লক সম্পাদক নিমাই মাজি বলেন, মানুষের অসুবিধা হবে জেনেও আমরা রাস্তা অবরোধ করেছি। তবে আমরা বেশিক্ষণ যানবাহনকে আটকে রাখিনি। এই অবরোধ প্রসঙ্গে বিজেপি নেতা সুজিত অগস্থি বলেন, তৃণমূল নেতারা জানেনই না কৃষি বিলে কী আছে! এতে কৃষকদের কোনো ক্ষতি হবেনা। বরং তারা মহাজনের খপ্পর থেকে বেরিয়ে আত্মনির্ভরশীল হয়ে উঠবে। তিনি আরও বলেন, মমতা ব্যানার্জির যদি এতই কৃষক দরদ তাহলে কেন্দ্রীয় সরকারের প্রকল্প কৃষক সম্মান নিধি কেন চালু করছেন না! এটা করলে কৃষকদের অ্যাকাউন্টে ২৪ ঘন্টার মধ্যে ৮ হাজার টাকা ঢুকে যেত। আসলে কাটমানির রাস্তা বন্ধ হওয়াতেই তাদের এই গাত্রজ্বালা।

## জামার ভিতর পকেটে মোবাইল পাচার



দুরন্তবার্তা, মালদা, ২২ সেপ্টেম্বর ঃ অভিনব কায়দায় জামার ভিতরে পকেট জ্যাকেট তৈরি করে মোবাইল পাচার করছিল এক পাচারকারী। কিন্তু পুলিশি অভিযানে শেষ রক্ষা হলো না। বিভিন্ন ধরনের নামিদামি কোম্পানির অ্যান্ড্রয়েড মোবাইল সেট পাচার করার অভিযোগে এক যুবককে গ্রেফতার করলো কালিয়াচক থানার পুলিশ। সোমবার গভীর রাতে বৃষ্টির মধ্যেই গোপন সূত্রে অভিযান চালিয়ে গোলাপগঞ্জের চরিঅনন্তপুর এলাকা থেকেই ওই পাচারকারীকে গ্রেফতার করে কালিযাচক থানার পুলিশ। উদ্ধার হয়েছে ১৬ টি নামিদামি কোম্পানির অ্যান্ড্রয়েড মোবাইল সেট। যার বর্তমান বাজার মূল্য প্রায় এক লক্ষ টাকা বলে জানিয়েছে পুলিশ। এই ঘটনায় ধৃতকে জিজ্ঞাসাবাদের জন্য মঙ্গলবার মালদা আদালতের মাধ্যমে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানিয়েছে কালিয়াচক থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম আব্দুল জব্বার। তার বাড়ি চরিঅনন্তপুর এলাকায়। জামার ভিতরে সুতির কাপড়ের তৈরি করা পাতলা জ্যাকেটেই ২০ টি পকেট তৈরি করা ছিল। সেই গোপন জ্যাকেটের পকেটেই মোবাইল গুলি লুকিয়ে রাখা ছিল। বাইরে থেকে দেখে বোঝার উপায় নেই যে একসঙ্গে ১৬ টি অ্যান্ড্রয়েড মোবাইল সেট জামার তলে গোপন জ্যাকেটের মধ্যে লুকানো রয়েছে। কিন্তু পুলিশ গোপন সূত্রে খবর পাওয়ার পর গোলাপগঞ্জ স্ট্যান্ডের কাছে অভিযান চালায়। সন্দেহজনক অবস্থায় ওই যুবককে ঘোরাফেরা করতে দেখে জিজ্ঞাসাবাদ শুরু করে পুলিশ। এরপরই জামা খুলতেই গোপনে জ্যাকেট থেকেই একের পর এক চোরাই মোবাইলগুলি বেরিয়ে আসে। পুলিশ জানিয়েছে, ম্যাজিক জ্যাকেট হিসাবেই পাচারকারী দল এই ধরনের পোশাক মূলত এখন ব্যবহার করতে তৎপর। অত্যন্ত পাতলা কাপড়ের তৈরি এই জ্যাকেটে একসঙ্গে অনেকটি বড় বড় পকেটে রয়েছে। যার মধ্যে এই মোবাইলগুলি সারি দিয়ে লুকানো ছিল। তার উপর জামা পড়েই এই চোরাই মোবাইলগুলি পাচার করার পরিকল্পনা নিয়েছিল অভিযুক্ত ওই যুবক। অবশেষে তাকে গ্রেপ্তার করা হয়েছে। কালিযাচক থানার পুলিশ জানিয়েছে, বিভিন্ন এলাকায় চুরি যাওয়া মোবাইলগুলি সংগ্রহ করার পর ওই পাচারকারী এগুলি মালদা শহরে কোথাও দেওয়ার জন্য আসছিল। তার আগেই অভিযুক্ত যুবককে হাতেনাতে গ্রেপ্তার করা হয়েছে। পাশাপাশি পুরো ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে।

### পূর্ব রেলওয়ে

**টেন্ডার নোটিশ নং. আরই/ কেকেকে/ ওএইচই/ জেআরএলই-এনএফকে/জিআর-১৮৮এ ও ১৮৯, তারিখ ঃ ১৮.০৯.২০২০** আহ্বান করছেন চিফ প্রজেক্ট ডাইরেক্টর (ইআই) রেলওয়ে ইলেক্ট্রিফিকেশন, দানাপুর। **(১) কাজের নাম ও স্থান ঃ** দানাপুর আরই প্রোজেক্ট-এর অন্তর্গত পূর্ব রেলওয়ের মালদা ডিভিশনে ধুলিয়ানগঙ্গা-নিউ ফারাক্কা (ইএক্সসিএল.)ও জঙ্গিপুর থেকে সুজানিপাড়া শাখায় ডাবলিং সংশ্লিষ্ট ২৫ কেভি, ৫০ এইচজেড, সিঙ্গল ফেজ, এসি ইলেক্ট্রিফিকেশন, ওএইচই কাজের জন্য ডিজাইন, সরবরাহ, স্থাপন, টেস্টিং এবং সম্পাদনের জন্য ই-টেন্ডার। মোট ৩৪ টিকেএম। **(২) কাজের আনুমানিক মূল্য ঃ** টাকা ৯,৮৫,৫০,৯৭৫.৯৪। (৩) **বায়নাজমা রাশি ঃ** টাকা ৬,৪২,৮০০.০০। **(৪) টেন্ডার জমা দেওয়ার ও টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ (ক) টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ-** ১০.১০.২০২০ তারিখ দুপুর ২টা পর্যন্ত। (খ) **টেন্ডার ১০.১০.২০২০ তারিখ বিকাল ৩.৩০টায়** খোলা হবে। (৫) টেন্ডারের বিশদ তথ্য ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। **(৬) টেন্ডারপত্র ডাউনলোড করার তারিখ ও সময় ঃ** ১৮.০৯.২০২০ তারিখ থেকে ১০.১০.২০২০ তারিখ (১০.১০.২০২০ তারিখ দুপুর ২টা পর্যন্ত)।

**MISC-114/2020-21**

টেন্ডার নোটিস ওয়েবসাইট ঃ **www.er.indianrailways.gov.in/ www/ireps.gov.in.** থেকেও পাওয়া যাবে।

### INVITING TENDER NOTICE

Undersigned is invited Tender notice towards **NIT No. 07/DEV/BDO/PUR/20-21 date. 16/09/20**, Bid submission last date **up to 03:00 pm on 06/10/20**, and will be open **on 06/10/20 at 05:00 pm** and **e-NIT No. 08/DEV/BDO/PUR/20-21 date. 16/09/20,** Bid submission last date **up to 05:00 pm on 01/10/20**, and will be open **on 05/10/20 at 05:00 pm.** For details pl. contact to the office of the under signed or visit the website **http://wbtenders.gov.in**.

**Sd/- Block Development Officer, Pursurah Development Block Pursurah ** Hooghly**

I, APURBA BANDYOPADHYAYA, S/O LATE RAM CHANDRA BANERJEE resident of NISIKUNJA APARTMENT 163, HRIDAYPUR STATION ROAD, P.S-BARASAT, KOLKATA-700127 WB INDIA Shall henceforth be known as APURBA BANERJEE. Vide an affidavit sworn before the NOTARY PUBLIC at Kolkata on 18/09/2020.

## বাস ও বাইক সংঘর্ষে আহত বাইক আরোহী

দুরন্তবার্তা, রাজগঞ্জ, ২২ সেপ্টেম্বর ঃ শিলিগুড়ি-জলপাইগুড়ি জাতীয় সড়কে বন্ধুনগরে বাস ও বাইকের সংঘর্ষে আহত হলেন এক বাইক আরোহী। মঙ্গলবার দুর্ঘটনাটি ঘটে। আহত বাইক আরোহীর নাম সুদেব পাল। তাঁর বাড়ি ফাঁসিদেওয়ার রাঙাপানি এলাকায়। হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তিনি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন একটি বাইক বন্ধুনগরে পকেট রোড থেকে ওই জাতীয় সড়কে ওঠার সঙ্গে সঙ্গে জলপাইগুড়ি অভিমুখী একটি সরকারি বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। বাসটি দ্রুত গতিতে থাকায় বাসের ধাক্কায় বাইকটি অনেকটা দূরে সরে যায়। এতে বাইক আরোহী গুরুতর আহত হন। আহত অবস্থায় তাঁকে ফুলবাড়ির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। এদিকে দুর্ঘটনার জেরে বেশ কিছুক্ষণ যান চলাচল ব্যাহত হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় আমবাড়ি ফাঁড়ির পুলিশ। বাসের যাত্রীদের অন্য বাসে পাঠানো হয়। বাস ও বাইকটিকে আটক করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

**Notice Inviting Quotation**
**(N.I.Q. No.- 06 of 2020-21)**

Sl No. 1 "Urgent Repair of security and night Guard Querter and Supply & Fixing of LED Fittings tubes, fans etc. in General Section and Estimating branch in the campus of Circle office, Social sector, PWD. ". Website: **www.wbpwd.gov.in** Last date of permission is on **05.10.2020.** Last date of Bid Submission: **07.10.2020 (14.00 Hrs.)**. Date of Opening: **07.10.2020 (16.00 Hrs.)**

**Sd/- Assistant Engineer,**
**P.W.D., Bardhaman**
**Electrical Sub-Division**
**Purba Bardhaman**

I, LAWRENCE WILLIAMS S/O LATE M.C.J WILLIAMS resident of 6H/12, RAICHARAN PAUL LANE, TOPSIA, KOLKATA-700046,WEST BENGAL, INDIA shall henceforth be known as RONEY WILLIAMS vide an affidavit sworn before the notary public at KOLKATA on 22/09/2020.

I, MOJAMEL HAQUE, S/O ABDUL GAFUR resident of VILL-CHANDAN, PO-NABAPALLY, DIST-N 24 PGS-700126 WB INDIA Shall henceforth be known as MOZAMMEL HOQUE. Vide an affidavit sworn before the NOTARY PUBLIC at Kolkata on 21/09/2020.

I, UMME SALMA @ MST UMMA SALMA KHATUN W/O MASUDUR RAHMAN LASKAR resident of VILL-TILPI, P.O.-TILPI, P.S.-JOYNAGAR, DIST-SOUTH 24 PGS, PIN-743337,WEST BENGAL, INDIA shall henceforth be known as UMME SALMA BIBI vide an affidavit sworn before the notary public at KOLKATA on 20/07/2020.

I, SUMITRA HIJRA S/O MUKUNDI DAS resident of CHAMELI BARI, WARD NO-5, DEBALPUR, P.O. & P.S.-KHARAGPUR (T), DIST-PASCHIM MEDINIPUR, PIN-721301,WEST BENGAL, INDIA shall henceforth be known as SUMITRA DAS vide an affidavit sworn before the notary public at KHARAGPUR on 16/09/2020.

I, SHAIKH ROWSAN ALI alias SEKH RAOSHAN S/O SK KHAZA AHMED resident of T-324, PANCH PARA ROAD, PS-RAJABAGAN, PO-BARTALA, KOL-700018,WEST BENGAL, INDIA shall henceforth be known as HAZI SHAIKH ROWSAN ALI vide an affidavit sworn before the notary public at KOLKATA on 22/09/2020.

I, CHANDREAYEE PANDA D/O TUFAN PANDA resident of LAKE AVENUE HOUSING COMPLEX, DRAINAGE ROAD, HOWRAH-711104,WEST BENGAL, INDIA shall henceforth be known as CHANDREYEE PANDA vide an affidavit sworn before the notary public at KOLKATA on 22/09/2020.

I, AKBAR ALI alias AKBAR MOLLA, S/O TAWSER ALI MOLLA resident of BHATENDAR EAST, RAJARHAT CHOWMATHA 211 BUS ROAD, PO+PS-RAJARHAT, DIST-N24PGS-700135 WB INDIA Shall henceforth be known as AKBAR ALI MOLLA. Vide an affidavit sworn before the JUDICIAL MAGISTRARE at Kolkata on 18/09/2020.

**INVITING TENDER NOTICE**

Undersigned is invited Tender notice towards **NIT No. 09/Dev/EO/Pur/20-21 date. 18/09/2020**, Bid submission last date **up to 03:00 pm on 29/09/2020**, and will be open at **04:00 pm.** on the same day For details pl. contact to the office of the under signed.

**Sd/- Executive Officer**
**Pursurah Panchayat Samity**
**Pursurah ** Hooghly**

I, ZAHED MOHAMMAD alias MOHAMMAD ZAHED S/O LATE AINUL HAQUE resident of 39/1, TILJALA ROAD, PO-GOBINDA KHATICK ROAD, PS-TOPSIA, KOLKATA-700046,WEST BENGAL, INDIA shall henceforth be known as ZAHED vide an affidavit sworn before the notary public at KOLKATA on 16/09/2020.

I, ALI AHMED alias OMED ALI, S/O LATE SAKENDAR ALI resident of RAIGACHI MOLLA PARA, PO+PS-RAJARHAT, DIST-N24PGS-700135 WB INDIA Shall henceforth be known as AHMED ALI. Vide an affidavit sworn before the NOTARY PUBLIC at Kolkata on 18/09/2020.

I, MD MASUDUR RAHMAN LASKAR S/O ABDUL MAJED LASKAR resident of VILL-TILPI, P.O.-TILPI, P.S.-JOYNAGAR, DIST-SOUTH 24 PGS, PIN-743337,WEST BENGAL, INDIA shall henceforth be known as MASUDUR RAHMAN LASKAR vide an affidavit sworn before the notary public at KOLKATA on 20/07/2020.

I, MD ABDUL MAJED LASKAR S/O LATE ARJED ALI LASKAR resident of VILL-TILPI, P.O.-TILPI, P.S.- JOYNAGAR, DIST-SOUTH 24 PGS, PIN-743337,WEST BENGAL, INDIA shall henceforth be known as ABDUL MAJED LASKAR vide an affidavit sworn before the notary public at KOLKATA on 20/07/2020.

I, SAMIMA BIBI W/O SHAIKH SHOWKAT ALI resident of T-324, PANCH PARA ROAD, PS-RAJABAGAN, PO-BARTALA, KOL-700018,WEST BENGAL, INDIA shall henceforth be known as SHAMIRON BIBI vide an affidavit sworn before the notary public at KOLKATA on 22/09/2020.

I, SHAIKH SOWKAT ALI S/O HAZI SHAIKH ROWSAN ALI resident of T-324, PANCH PARA ROAD, PS-RAJABAGAN, PO-BARTALA, KOL-700018,WEST BENGAL, INDIA shall henceforth be known as SHAIKH SHOWKAT ALI vide an affidavit sworn before the notary public at KOLKATA on 22/09/2020.

I, SHILA RAKSHIT D/O LATE SIDHIR KUMAR GHOSH resident of MANIC DANGA ROAD MILONTIRTHA, PO-JUGBERIA, PS-GHOLA, BARRACKPORE-700110, WEST BENGAL, INDIA shall henceforth be known as SHILA GHOSH vide an affidavit sworn before the notary public at KOLKATA on 16/09/2020.

**Notice Inviting Tender No-07 of 2020-21**

e-Tenders are hereby invited from bonafied contractors for Construction of 3 (three) nos ICDS Building under Panchla Dev. Block area, Howrah under MSDP Fund. For Details visit to website **http://wbtenders.gov.in** or contact to the office of the Block Development Officer, Panchla, Howrah.

**Sd/-Block Development Officer**
**Bikihakola, Panchla, Howrah**

**OFFICE OF THE ANARA GRAM PANCHAYAT**
**VILL+P.O-ANARA, Block-PARA, Dist.-PURULIA**
**E-mail ID:-anaragp@gmail.com**
**NIT No:-03/AGP/2020-21 Date: 15/09/2020**
**NIT No:-02AGP/2020-21 Date: 15/09/2020**
**NIT No:-04/AGP/2020-21 Date: 15/09/2020**

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of 1+18+1=20(Twenty) Nos. similar nature of works under 14 th FC. Date of sale of Tender Form on any working day **from 16/09/2020 to 24/09/2020(from 11:00 AM to 3:00 PM).** Last date of dropping of Sealed Tender Form on or before 24/09/2020(up to 2:00 PM). Date of Opening of Tender **28/09/2020 (From 11.00AM onwards.).**

**Sd/- Prodhan**
**ANARA GRAM PANCHAYAT**

## চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস

### ওপেন টেন্ডার

**নং. : সিওএস/সিআরজে/পাব/ই-টেন্ডার/১৯/০১৬২ তারিখ : ১৯.০৯.২০২০।** নিম্নলিখিত **ই-টেন্ডারগুলি www.ireps.gov.in** -এর লিংকের মাধ্যমে অ্যাক্সেস করা যাবে। এই ই-টেন্ডারগুলির জন্য দরপ্রস্তাব কেবলমাত্র বৈদ্যুতিন পদ্ধতিতে **www.ireps.gov.in → login →E-Tender Stores/Supply**-এই লিংক অনুসরণ করে প্রদান করা যাবে। নির্দিষ্ট টেন্ডার বিষয়ে ব্যাখ্যা অথবা আইআরইপিএস সংক্রান্ত যদি কোনো তথ্য প্রয়োজন হয় তাহলে সরবরাহকারীগণ নিম্নলিখিত আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করতে পারেন, ডেপুটি সিএমএম/ এইচকিউ/সিএলডব্লু/চিত্তরঞ্জন, ০৩৪১-২৫২৫৫৯৪ অথবা এসএমএম/কন/ এইচকিউ, ০৩৪১-২৫৩৫৬৩১। **ক্র.নং.; টেন্ডার নং.; দফার সংক্ষিপ্ত বিবরণ; পরিমাণ; প্রদেয় বায়না অর্থ (₹); টেন্ডার বন্ধের তারিখ এবং সময় (ভারতীয় প্রমাণ সময়) : [১]; ৯১২০০০৫২;** ৬এফআরএ-৬০৬৮ ধরনের ৩ ফেজ স্টেটর চেম্বার-এর আনুষঙ্গিক সরঞ্জাম; **৮৪৫ সেট; ₹১,২৩,৮৬০; ১৯.১০.২০২০ তারিখ সকাল ১১ টায়। [২]; ৯১২০০১৮৫;** রেজিস্ট্যান্স রিং (মেশিনড্); **৪১টি ;** ০০০; **২০.১০.২০২০ তারিখ সকাল ১১ টায়। [৩]; ৭০২০০০৮১;** গিয়ার ৭২ টিথ এবং পিনিয়ন ২০ টিথ; **৯৯ সেট ; ₹১৪,৫৩,২২০; ২১.১০.২০২০ তারিখ সকাল ১১ টায়। [৪]; ৭০২০০০৮৯;** ডব্লুএজি-৯ ধরনের ইলেক্ট্রিক লোকোমোটিভ-এর জন্য পিনিয়ন ২১ টিথ সহ বুল গিয়ার ১০৭ টিথ-এর সেট ; **১২৫ সেট; ₹১৭,৮০,১৭০; ২০.১০.২০২০ তারিখ সকাল ১১ টায়। অফিসের ঠিকানা :** ডেপুটি সিএমএম-III/সিএলডব্লু/চিত্তরঞ্জন, ৯১৬৩৩৪০৭১১ বা এসএমএম/এইচ কিউ, ৯১৬৩৩৪০৭০৪।

প্রিন্সিপ্যাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার
সিএলডব্লু/চিত্তরঞ্জন

**AD76 - 114**

**Like us on : www.facebook.com/clwrailways**

## ইয়ার্ন সিণ্ডিকেট লিমিটেড

**CIN NO: L51109WB1946PLC013842**

রেজি. অফিস ঃ ৮৬/২/৪, এস এন ব্যানার্জি রোড, ১ম ফ্লোর,
ফ্ল্যাট নং. ২, কলকাতা-৭০০০১৪, ফোন নং. ঃ ০৩৩-২২৬৫২১৬৩
ওয়েবসাইট ঃ **www.yarnsyndicate.in,** ই-মেল ঃ **ysl@yarnsyndicate.in**

### ৭৪তম বার্ষিক সাধারন সভার তারিখ এবং ই-ভোটিং বিলম্বিত / মুলতবি করার তথ্য

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে কোম্পানির ৭৪তম এজিএম কোম্পানির যা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ১১.০০ ঘটিকায় বুধবার, ৩০ সেপ্টেম্বর, ২০20 তারিখে ভিডিও কনফারেন্সিং / অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ভিসি/ ওএভিএম) স্থগিত/ বিলম্বিত করা হয়েছে উদ্ভূত পরিস্থিতির কারনে, এবং বর্ধিত সময়ের মধ্যে যোগাযোগ করা হবে যা আরওসি, প.ব. দ্বারা বর্ধিত করা হবে।

এজিএম বিলম্বের পরিপ্রেক্ষিতে শেয়ারহোল্ডারদের অনুরোধ করা যায় যা ৭৪তম এজিএম বিজ্ঞপ্তি উপেক্ষা করার জন্য যা জারি হয়েছে ৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে কোম্পানির ওয়েবসাইটে এবং বিএসই ওয়েবসাইটে। এজিএমের পরবর্তী বিস্তারিত বিজ্ঞপ্তি সঙ্গে বার্ষিক ফলাফল পরে প্রকাশিত হবে।

ইয়ার্ন সিণ্ডিকেট লিমিটেড-এর পক্ষে
স্থান ঃ কলকাতা
স্বা / - (বিকাশ চন্দ্র চ্যাটার্জি)
তারিখ ঃ ২১.০৯.২০২০
কোম্পানি সচিব

**OFFICE OF THE ILOO JARGO GRAM PANCHAYAT**
**P.O.- JARGO. JHALDA-I DEV .BLOCK. PURULIA**
**Memo No.965 IJGP Dated:-16/09/2020.**

NOTICE OF INVITING TENDER From ILOO JARGO Gram Panchayat under Jhalda-I Dev. Block Dt.Purulia (W.B.). 1. **NIT NO-03/2020-2021.IJGP. DT.15/09/2020.** Date of application & Sale of Tender Form On any working day from **15/09/2020. to 26/9/2020. (From 10 AM TO 5 PM.).** 2. **NIT NO-04/2020-2021.IJGP. DT.15/09/2020.** Last date of dropping of Sealed Tender Form On any working day from **25/09/2020 TO 30/09/2020. (30/09/2020. UP TO 1P.M.)**. 3. **NIT NO-05/2020-2021.IJGP. DT.15/09/2020.** 4. **NIT NO-06/2020-2021.IJGP. DT. 15/09/2020.** Date of Opening of Tender **30/09/2020. 2 P.M.** G.P. OFFICE MEETING HOL. 5 **NIT NO-07/2020-2021.IJGP. DT.15/09/2020.** 6 **NIT NO-08/2020-2021.IJGP. DT.15/09/2020.** For more details contact with the undersigned in office houre.

**Sd/-PRADHAN**
**ILOO JARGO GRAM PANCHAYAT.**

**BERUGRAM GRAM PANCHAYAT**
**SADIPUR JAMALPUR PURBA BARDHAMAN**
**Email Address : gp.berugram@gmail.com**
**TENDER NOTICE**

| Sl. No. | NIT No. & Date | Scheme Name | Location | Fund | Tender Amount | Last Date of Tender from issue & Earnest Money deposit with Earnest money amount | Date of Opening - Last Date of Tender from issue |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM SALIMDANGA KAMAL HOUSE TO ICDS | SALIMDANGA | CFCG-BG (UT) | 232784 | 30/09/2020 | 30/09/2020 |
| 2 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM SALIMDANGA RAIL LINE TO SAFU | SALIMDANGA | CFCG-BG (UT) | 99863 | 30/09/2020 | 30/09/2020 |
| 3 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM SUCHAND MALIK HOUSE TO NATUN PUKUR PAR | SADIPUR | CFCG-BG (UT) | 87096 | 30/09/2020 | 30/09/2020 |
| 4 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM HOSITAL GATE TO SK MIJAMUDDIN HOUSE AT CHAKSHANJADI III SAMSAD | CHAKSHANJADI | CFCG-BG (UT) | 259110 | 30/09/2020 | 30/09/2020 |
| 5 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM RAMEN BOSE TO KIRITI BHUSAN GHOSH AT BERUGRAM | BERUGRAM | CFCG-BG (UT) | 237428 | 30/09/2020 | 30/09/2020 |
| 6 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM PUCCA ROAD TO SONATAN DHARA HOUSE AT BALARAMPUR | BALARAMPUR | CFCG-BG (UT) | 113601 | 30/09/2020 | 30/09/2020 |
| 7 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | DISASTER MANAGEMENT ALL SAMSAD | ALL SAMSAD | CFCG-BG (UT) | 82800 | 30/09/2020 | 30/09/2020 |
| 8 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | REPAIR OF SADIPUR POST OFFICE | SADIPUR | CFCG-BG (UT) | 34000 | 30/09/2020 | 30/09/2020 |
| 9 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONST OF CC ROAD WITH DRAIN FROM ASRUPI MONDAL LAND TO BADAL MALLICK LAND IN CONVERGENCE WITH MGNREGA | CHAKSHANJADI | CFCG-BG (UT) | 303542 | 30/09/2020 | 30/09/2020 |
| 10 | BERUGRAM/NIT/4/ 1/2020 Dt 22/09/2020 | CONST OF CC ROAD WITH DRAIN FROM BADAL MALLICK LAND TO GOPA KARPHA LAND IN CONVERGENCE WITH MGNREGA | CHAKSHANJADI | CFCG-BG (UT) | 303542 | 30/09/2020 | 30/09/2020 |
| 11 | BERUGRAM/NIT/5/ 1/2020 Dt 22/09/2020 | CONSTRUCTION OF CCR FORM TAPAS DAS HOUSE TO TARUN KSHETRAPAL HOUSE A SHAMBHUPUR II SAMSAD | SHAMBHUPUR II | CFCG-BG (UT) | 237303 | 6/10/2020 | 6/10/2020 |
| 12 | BERUGRAM/M.G.N. R.E.G.S./N.I.T./4/1/ 2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM ABED ALI HOUSE TO GOLAM AMBIYA HOUSE 13 (3202004004/RC/320201060576695) | SALIMDANGA | MGNREGS | 254190.94 | 30/09/2020 | 30/09/2020 |
| 13 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./5/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM CHANDU HOUSE TO JIYARUL HOUSE 13 (3202004004/RC/320201060576694) | SALIMDANGA | MGNREGS | 254892.85 | 30/09/2020 | 30/09/2020 |
| 14 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./6/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM JILLA RAHAMAN HOUSE TO AMER ALI HOUSE 13 (3202004004/RC/320201060576693) | SALIMDANGA | MGNREGS | 257117.85 | 30/09/2020 | 30/09/2020 |
| 15 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./7/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM SAMSUDDIN LAND TO PUCCA ROAD 13 (3202004004/RC/320201060576696) | SALIMDANGA | MGNREGS | 257117.85 | 30/09/2020 | 30/09/2020 |
| 16 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./8/1/2020 Dated : 22.09.2020 | CONSTRUCTION OF CC ROAD with drain FROM DURGATALA TO ANIL GHOSH 071686 (3202004004/RC/320201060576684) | KANAKPUR | MGNREGS | 252277.27 | 30/09/2020 | 30/09/2020 |
| 17 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./9/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM ISHA HOUSE TO MAYNA HOUSE 1416560 (3202004004/RC/320201060573058) | MATHNASIPUR | MGNREGS | 250376.68 | 30/09/2020 | 30/09/2020 |
| 18 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./10/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM EID GAHA TO MANIK MALLIK 0316462 (3202004004/RC/320201060572785) | CHAKSHANJADI | MGNREGS | 260108.63 | 30/09/2020 | 30/09/2020 |
| 19 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./11/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM SABU SHOP TO AHIYA POND PAR 0316472 (3202004004/RC/320201060572886) | CHAKSHANJADI | MGNREGS | 242191.93 | 30/09/2020 | 30/09/2020 |
| 20 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./12/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM SWAPAN MALLICK HOUSE TO FIROJ HOUSE 0316474 (3202004004/RC/ 320201060572888) | CHAKSHANJADI | MGNREGS | 254636.98 | 30/09/2020 | 30/09/2020 |
| 21 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./13/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM BAKUL TALA TO UJJWAL SHOP 0416477 (3202004004/RC/320201060572890) | JAMUDAHA | MGNREGS | 260786.47 | 30/09/2020 | 30/09/2020 |
| 22 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./14/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM HANA CORNER TO BAKUL TALA 0416478 (3202004004/RC/320201060572891) | JAMUDAHA | MGNREGS | 249097.76 | 30/09/2020 | 30/09/2020 |
| 23 | BERUGRAM/M.G.N.R E. G.S./N.I.T./15/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM ICDS TO PUILEY HOUSE 0416479 (3202004004/RC/320201060572892) | JAMUDAHA | MGNREGS | 253721.59 | 30/09/2020 | 30/09/2020 |
| 24 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./16/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM AMAL SAHANA HOUSE TO DURGA TALA 05 16484 (3202004004/RC/320201060572897) | UTTAM-CHANDPUR | MGNREGS | 257895.10 | 30/09/2020 | 30/09/2020 |
| 25 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./17/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM ANANTA DHARA HOUSE TO DURGATALA 0516485 (3202004004/RC/320201060572898) | UTTAM-CHANDPUR | MGNREGS | 258856.90 | 30/09/2020 | 30/09/2020 |
| 26 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./18/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM ASOMNATH MONDAL HOUSE TO RAMESH MONDAL HOUSE 0516488 (3202004004/RC/320201060572901) | JAMUDAHA | MGNREGS | 260370.18 | 30/09/2020 | 30/09/2020 |
| 27 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./19/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM SAMABAY GODOWN TO FP SCHOOL 0516492 (3202004004/RC/320201060572905) | CHAK-KRISHNAPUR | MGNREGS | 260831.72 | 30/09/2020 | 30/09/2020 |
| 28 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./20/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM HEMANTA SHOP TO RAMESH MONDAL HOUSE 05 (3202004004/RC/320201060576691) | JAMUDAHA | MGNREGS | 250060.20 | 30/09/2020 | 30/09/2020 |
| 29 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./21/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM BAHADUR LAND TO MANIK HOUSE 1416558 (3202004004/RC/320201060573056) | MATHNASIPUR | MGNREGS | 250376.68 | 30/09/2020 | 30/09/2020 |
| 30 | BERUGRAM/M.G.N.R E.G.S./N.I.T./22/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM CHANCHAL MALIK HOUSE TO UJJWAL ADAK HOUSE 0716503 (3202004004/RC/ 320201060572986) | KANAKPUR | MGNREGS | 252601.68 | 30/09/2020 | 30/09/2020 |
| 31 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./23/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM UDAY PAL HOUSE TO IDRISH SK HOUSE 0816512 (3202004004/RC/320201060572995) | SADIPUR | MGNREGS | 257051.68 | 30/09/2020 | 30/09/2020 |
| 32 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./24/1/2020 Dated : 22.09.2020 | CONST OF CC ROAD WITH DRAIN WITH PMGSY TO SUJIT HALDER HOUSE 12 (3202004004/RC/320201060576697) | BALARAMPUR | MGNREGS | 253594.48 | 30/09/2020 | 30/09/2020 |
| 33 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./25/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM GOPAL BHATTACHARJEE HOUSE TO KESTO MALIK HOUSE 0916514 (3202004004/RC/ 320201060572997) | SADIPUR | MGNREGS | 252411.98 | 30/09/2020 | 30/09/2020 |
| 34 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./26/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM SRIDHAR GHOSH KHAMAR TO HANA 1016522 (3202004004/RC/320201060573006) | KRISHNAPUR | MGNREGS | 104087.02 | 30/09/2020 | 30/09/2020 |
| 35 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./27/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN BESIDE MISSION TO PLAY GROUND 1116525 (3202004004/RC/320201060573009) | BERUGRAM | MGNREGS | 250186.98 | 30/09/2020 | 30/09/2020 |
| 36 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./28/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM MAFIJUR RAHAMAN HOUSE TO HABIBOR RAHAMAN HOUSE 1516567 (3202004004/RC/320201060573065) | NASIPUR | MGNREGS | 249586.98 | 30/09/2020 | 30/09/2020 |
| 37 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./29/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM GOPAL BHATTACHARJEE HOUSE TO KESTO MALIK HOUSE 0916514 (3202004004/RC/320201060572997) | SADIPUR | MGNREGS | 251266.68 | 6/10/2020 | 6/10/2020 |
| 38 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./30/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM UTTAM PURKITE HOUSE TO PMGSY 0616501 (3202004004/RC/320201060572914) | CHALBALPUR | MGNREGS | 252960.17 | 6/10/2020 | 6/10/2020 |
| 39 | BERUGRAM/M.G.N.R. E.G.S./N.I.T./31/1/2020 Dated : 22.09.2020 | CC ROAD WITH DRAIN FROM BADHA PUKUR DHAL TO SITALA TALA 0116451 (3202004004/RC/320201060572577) | SHAMBHUPUR | MGNREGS | 258582.77 | 6/10/2020 | 6/10/2020 |